

অধ্যক্ষ মহোদয়ের পরিচিতি



কর্নেল মহিউদ্দীন মোঃ জাবেদ এসইউপি, পিএসসি, জি

কর্নেল মহিউদ্দীন মোঃ জাবেদ, এসইউপি, পিএসসি, জি গত ৩০ নভেম্বর ২০২২ তারিখে বিসিআইসি কলেজ, মিরপুর এর অধ্যক্ষ হিসেবে যোগদান করেন। তিনি ফৌজদারহাট ক্যাডেট কলেজ হতে এসএসসি ও এইচএসসি সম্পন্ন করে ২৩ বিএমএ লং কোর্স-এ বাংলাদেশ মিলিটারী একাডেমীতে যোগদান করেন। প্রশিক্ষণ সমাপনান্তে তিনি ২০ ডিসেম্বর ১৯৯০ সালে বাংলাদেশ সেনাবাহিনীর আর্টিলারি রেজিমেন্টে কমিশন লাভ করেন।

দীর্ঘ ৩২ বছরের চাকুরী জীবনে কর্নেল জাবেদ সামরিক ও অসামরিক প্রশাসনে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। কর্মজীবনে তিনি সামরিক প্রশিক্ষণ ও ডিগ্রী অর্জনের পাশাপাশি শিক্ষা ক্ষেত্রে MDS, MSC (Tech) এবং MBA ডিগ্রী অর্জন করেন।

কর্নেল জাবেদ শিক্ষা প্রশাসনে অভিজ্ঞ একজন উর্ধ্বতন সামরিক কর্মকর্তা। তিনি ২০১০ হতে ২০১৫ সাল পর্যন্ত প্রায় ০৫ বছর ক্যাডেট কলেজসমূহের পরিচালনা পর্ষদের সচিব (এএজি ক্যাডেট কলেজ) হিসেবে এবং ০২ বছর ০৬ মাস আর্মি স্কুল অব এ্যাডুকেশন এন্ড এ্যাডমিনিস্ট্রেশনের প্রধান প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া ইতিপূর্বে তিনি বাংলাদেশ আনসার ভিডিপি বাহিনীর উপ-মহাপরিচালক (প্রশাসন) এবং বর্তমান কর্মস্থলে যোগদানের পূর্বে বিজিবির উপ-মহাপরিচালক ও সেক্টর কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেন।